



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

বিষয় : কমিটিবিহীন শিক্ষা প্রতিষ্ঠানে অন্তর্বর্তীকালীন সময়ে শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতা উত্তোলন প্রসঙ্গে।

সূত্র : (১) স্মারক নং- শিম/শাঃ১১/২(২)/৯৯(অংশ-১)/১৩৯৩, তারিখ- ২৩/১০/২০০২।

(২) স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭, তারিখ- ২৩/০৬/২০১৬।

অত্র বোর্ডের আওতাধীন পাঠদানের অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে মারাত্মক করোনা সংক্রমণ পরিস্থিতি বিরাজমান থাকার কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ফলে এই সময়ে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি বা ক্ষেত্রমতে গভর্নিংবডি'র মেয়াদ উত্তীর্ণ হয়েছে বা পুনঃ ম্যানেজিং কমিটি গঠন করা সম্ভব হয়নি অথবা কমিটির কার্যক্রম স্থগিত আছে সে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতা উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে সূত্রে উল্লেখিত নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) এবং জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক-এর প্রতিস্বাক্ষরে বেতন-ভাতা উত্তোলন করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত
সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি ও কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল)।
- ৩। জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল)।
- ৪। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক।